



প্রধান কার্যালয় ইস্তেহার নং-১৩৭

তারিখঃ ২০ জানুয়ারী, ২০১৩

জেনারেল ম্যানেজার/কনসালটেন্ট/ডেপুটি জেনারেল ম্যানেজার/  
এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার/ম্যানেজার/  
সকল জেনারেল ম্যানেজার'স অফিস/লোকাল অফিস/  
ষ্টাফ কলেজ/ট্রেনিং ইনস্টিটিউট/প্রিন্সিপাল অফিস/  
আঞ্চলিক কার্যালয়/কর্পোরেট শাখা/সকল শাখা/  
প্রধান কার্যালয়ের সকল বিভাগীয় প্রধান/  
সোনালী ইনভেস্টমেন্ট লিমিটেড  
সোনালী ব্যাংক লিমিটেড  
বাংলাদেশ।

বিষয় : নতুন আমানত প্রডাক্ট হিসেবে “তিনগুণ বেনিফিট স্কিম (Triple Benefit Scheme সংক্ষেপে TBS)” নামে  
৯<sup>১</sup>/<sub>২</sub> (সোড়ে নয়) বছর মেয়াদী নতুন আমানত হিসাব চালুকরণ প্রসঙ্গে।

প্রতিযোগিতামূলক ব্যাংকিং ব্যবসায় আমানতের গুরুত্ব অপরিসীম। জনগণ তাদের সঞ্চিত আমানত লাভজনক বিনিয়োগে খুবই সচেতন। বিভিন্ন ব্যাংক লাভজনক ও আকর্ষণীয় আমানত প্রডাক্ট চালু করে আমানত সংগ্রহের প্রচেষ্টা করে থাকে। সোনালী ব্যাংক লিমিটেড দেশের সর্বোচ্চ নেটওয়ার্ক-সমৃদ্ধ বিধায় অত্র ব্যাংকের প্রতি জনগণের আস্থা সর্বাধিক। এ আস্থাকে কাজে লাগিয়ে স্বল্পমেয়াদী আমানতের পাশাপাশি দীর্ঘমেয়াদী টেকসই আমানত সংগ্রহের জন্য “তিনগুণ বেনিফিট স্কিম (TBS)” নামে একটি নতুন আমানত স্কিম চালু করা হলো। এ প্রকল্পে গৃহীত আমানত ১২.২৫% চক্রবৃদ্ধি হারে মুনাফাসহ ৯<sup>১</sup>/<sub>২</sub> (সোড়ে নয়) বছরে তিনগুণ হবে। এ হিসাবের পরিচালন পদ্ধতি হবে নিম্নরূপ :

০১ঃ	স্কিমের নাম	:	তিনগুণ বেনিফিট স্কিম (TBS)
০২ঃ	হিসাবের মেয়াদকাল	:	৯ <sup>১</sup> / <sub>২</sub> (সোড়ে নয়) বছর
০৩ঃ	এককালীন আমানতের পরিমাণ	:	৫০,০০০.০০ টাকা বা এর গুণিতক।
০৪ঃ	মুনাফার হার ও প্রাপ্য অর্থের পরিমাণ	:	মাসিক চক্রবৃদ্ধি ১২.২৫% হারে বাৎসরিক ভিত্তিতে পোষ্টিং দিতে হবে। এ স্কিমে সংগৃহীত আমানত ৯ <sup>১</sup> / <sub>২</sub> (সোড়ে নয়) বছর পরে তিনগুণ হবে। তবে প্রযোজ্য হারে উৎসেকর কর্তন করতে হবে।

০৫ঃ হিসাব খোলার পদ্ধতি ও নিয়মাবলী :

- আঠার বৎসর কিংবা তদুর্ধ্ব বয়স্ক এবং সুস্থ মস্তিষ্ক সম্পন্ন যে কোন বাংলাদেশী নাগরিক নিজ নামে অথবা যৌথ নামে সোনালী ব্যাংক লিমিটেডের বাংলাদেশে অবস্থিত শাখাসমূহে এই স্কিমের আওতায় হিসাব খুলতে পারবেন। নাবালক/নাবালিকার সংগেও যৌথভাবে এই হিসাব খোলা যাবে।
- প্রতিষ্ঠানের নামেও এ হিসাব খোলা যাবে।
- হিসাব খোলার সময় আমানতকারীকে তার সঠিক পরিচিতি (জাতীয় পরিচয়পত্র, ইউপি/পৌরসভা/ওয়ার্ড এর চেয়ারম্যান/মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিক সনদ অথবা যে কোন প্রথম শ্রেণীর সরকারী কর্মকর্তা/অত্র ব্যাংকের সিনিয়র অফিসার পদমর্যাদার কর্মকর্তা কর্তৃক প্রদত্ত সনদপত্র) এবং পাসপোর্ট সাইজের সত্যায়িত ০২ (দুই) কপি ফটো শাখায় নিয়মিত পরিচালিত হচ্ছে এমন সঞ্চয়ী ও চলতি হিসাবের হিসাবধারী দিয়ে কিংবা ব্যাংকের ন্যূনতম সিনিয়র অফিসার পদমর্যাদার কর্মকর্তা দিয়ে কিংবা পদবী নির্বিশেষে শাখা ব্যবস্থাপক দিয়ে সত্যায়িত করতে হবে। এ ছাড়া আমানতকারী তার নমিনী/নমিনীগণের ছবি নিজে সত্যায়িত করবেন। পাসপোর্ট এর ফটোকপি (যা যথাযথ সত্যায়িত) দিয়েও হিসাব খোলা যাবে। তবে হিসাব খোলার সময় মূল কপি প্রদর্শন করতে হবে।
- প্রতিষ্ঠানের হিসাব খোলার ক্ষেত্রে বিদ্যমান নীতিমালা প্রযোজ্য হবে।
- কোন ভাবেই নমিনীবিহীন হিসাব খোলা যাবে না।
- হিসাব খোলার সময় গ্রাহককে একটি নমুনা স্বাক্ষর কার্ডে ০৩ (তিন) টি নমুনা স্বাক্ষর করতে হবে।
- স্কিমের নিয়মাবলী হিসাবধারীকে সুস্পষ্টভাবে জানাতে হবে। অতঃপর উক্ত নিয়মাবলী যথাযথভাবে পরিপালনে বাধ্য থাকবেন এ মর্মে হিসাবধারীকে একটি ঘোষণাপত্র দাখিল করতে হবে।
- বর্তমানে প্রচলিত স্থায়ী আমানত রশিদের মাধ্যমে এই হিসাব খুলতে হবে। তবে রশিদের গায়ে ৯<sup>১</sup>/<sub>২</sub> (সোড়ে নয়) বছর মেয়াদী “তিনগুণ বেনিফিট স্কিম (TBS)” সীলমোহরকৃত হতে হবে।

০৬ঃ মাসিক প্রদেয় মুনাফার প্রভিশন (Provision) :

প্রত্যেক শাখায় প্রতিটি হিসাবে ১২.২৫% চক্রবৃদ্ধি হারে যথাযথভাবে প্রদেয় মুনাফার প্রভিশন (Provision) করতে হবে। উক্ত মুনাফা চক্রবৃদ্ধি হারে মাসিক ভিত্তিতে প্রভিশন করতে হবে এবং বাৎসরিক ভিত্তিতে হিসাবে পোষ্টিং দিতে হবে। মুনাফা পোষ্টিং কালে প্রযোজ্য হারে আয়কর/উৎসেকর কর্তন করতে হবে।

## ০৭ঃ নমিনী মনোনয়ন :

০১. ব্যক্তি আমানতকারী এক বা একাধিক ব্যক্তিকে হিসাবের নমিনী নিযুক্ত করবেন। নমিনীর সংখ্যা একাধিক হলে প্রত্যেক নমিনীর অংশও তিনি নির্ধারণ করবেন। অপ্রাপ্ত বয়সকেও নমিনী করা যাবে।
০২. আমানতকারীর জীবদ্দশায় এবং হিসাবের স্থিতি গ্রহণের পূর্বে নমিনীর/নমিনীগণের মধ্যে একজনের মৃত্যু হলে ঐ মনোনয়ন বাতিল বলে গণ্য হবে। এ ক্ষেত্রে নতুনভাবে আবেদনের মাধ্যমে নমিনী নিযুক্ত করতে হবে। কেবলমাত্র আমানতকারীর মৃত্যুর পরই নমিনী/নমিনীগণ হিসাবের অর্থ প্রাপ্য হবেন।
০৩. প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রাতিষ্ঠানিক হিসাব এর নীতিমালা অনুযায়ী প্রাপ্যতা নির্ধারিত হবে।
০৪. নমিনীকে হিসাবের স্থিতি পরিশোধের জন্য নিম্নোক্ত কাগজপত্রাদি উপস্থাপন করতে হবে :
  - ক. নমিনী/নমিনীদের/মনোনীত অভিভাবকের (নাবালকের/নাবালিকার ক্ষেত্রে) আবেদন পত্র।
  - খ. আমানতকারীর মৃত্যু সংক্রান্ত সনদপত্র।
  - গ. নমিনী/নমিনীবৃন্দের অথবা মনোনীত অভিভাবকের (নাবালকের/নাবালিকার ক্ষেত্রে) পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
  - ঘ. নমিনী/নমিনীবৃন্দ অথবা মনোনীত অভিভাবক (নাবালক/নাবালিকার ক্ষেত্রে) কর্তৃক যৌথভাবে ব্যাংকের অনুকূলে সম্পাদিত প্রযোজ্য মূল্যের ইনডেমনিটি বন্ড।

## ০৮ঃ মেয়াদ উত্তীর্ণের পূর্বে হিসাব বন্ধ করা হলে :

গ্রাহক ইচ্ছা করলে যে কোন সময় সংশ্লিষ্ট শাখা প্রধানের বরাবরে লিখিত আবেদন করে স্বীয় হিসাব বন্ধ করতে পারবেন। এরূপ ক্ষেত্রে নিম্নোক্ত হারে মুনাফা প্রদেয় হবে :

মেয়াদ	মুনাফার হার
৬ মাস পূর্তিতে	৪% সরল মুনাফা
১ বছর পূর্তিতে	৫% সরল মুনাফা
২ বছর পূর্তিতে	৬% সরল মুনাফা
৩ বছর পূর্তিতে	৭% সরল মুনাফা
৪ বছর পূর্তিতে	৭% চক্রবৃদ্ধি মুনাফা
৫ বছর পূর্তিতে	৭.৫% চক্রবৃদ্ধি মুনাফা
৬ বছর পূর্তিতে	১২.২৫% চক্রবৃদ্ধি মুনাফা
৭ বছর পূর্তিতে	১২.২৫% চক্রবৃদ্ধি মুনাফা
৮ বছর পূর্তিতে	১২.২৫% চক্রবৃদ্ধি মুনাফা
৯ বছর পূর্তিতে	১২.২৫% চক্রবৃদ্ধি মুনাফা
৯½ বছর পূর্তিতে	১২.২৫% চক্রবৃদ্ধি মুনাফা

## ০৯ঃ হিসাবের বিপরীতে ঋণ সুবিধা প্রদান :

হিসাবধারী ইচ্ছা করলে তদীয় হিসাবের স্থিতি লিয়েন পূর্বক ঋণ গ্রহণ করতে পারবেন। এ ক্ষেত্রে

০১. ঋণসীমা : হিসাবের তাৎক্ষণিক স্থিতির সর্বোচ্চ ৮০ শতাংশ।
০২. ঋণের সময়কাল : ১২ (বার) মাস, তবে সংশ্লিষ্ট হিসাবের মেয়াদের মধ্যে নবায়নযোগ্য।
০৩. ঋণের প্রকৃতি : ওভার ড্রাফট।
০৪. মঞ্জুরীর ক্ষমতা : শাখা প্রধান (পদবী নির্বিশেষে)।
০৫. মুনাফার হার : হিসাবের মুনাফার হারের ৩ শতাংশ উর্দে।
০৬. পরিশোধ পদ্ধতি : ঋণের মেয়াদের মধ্যে কিস্তিতে কিংবা এককালীন পরিশোধযোগ্য।
০৭. দলিল পত্রাদি :
  - ক. ডিমাল্ড প্রমিসরি নোট (ডিপি নোট)।
  - খ. ডিপি নোট ডেলিভারী লেটার
  - গ. লেটার অব লিয়েন।
  - ঘ. লেটার অব এগ্রিমেন্ট।
  - ঙ. সংশ্লিষ্ট আমানত হিসাব হতে ঋণ হিসাবে অর্থ স্থানান্তরকরণের জন্য লেটার অব অথরিটি।

১০ : সরকারী নিয়মানুসারে আয়কর, উৎসকর এবং আবগারীশুল্ক আমানতকারীর হিসাব হতে (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তন করা হবে।

## ১১ঃ শর্তাবলীঃ

০১.	মেয়াদপূর্ণ হলে আমানতকারীকে মূল জমার তিনগুন পরিমাণ অর্থ হতে মুনাফা পোষ্টিং কালে প্রতি বছর প্রদত্ত আবগারী শুল্ক/আয়কর আমানতকারীর প্রাপ্য অর্থ হতে আদায় করা হবে।
০২.	কোন ব্যক্তি/প্রতিষ্ঠান একই শাখায় নিজ নামে এক বা একাধিক হিসাব খুলতে পারবেন।
০৩.	ব্যাংক যে কোন সময়ে মুনাফার হারসহ এ হিসাব সংক্রান্ত নিয়মাবলী পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন বা বাতিলের অধিকার সংরক্ষণ করে এবং এ ক্ষেত্রে আমানতকারী সকল নিয়মাবলী মেনে চলতে বাধ্য থাকবেন।
০৪.	কোন হিসাবের বিপরীতে ঋণ প্রদান করা হলে এবং ঋণের অর্থ সম্পূর্ণভাবে পরিশোধের পূর্বে হিসাবধারী মৃত্যুবরণ করলে আমানতের স্থিতি হতে ঋণের বকেয়া সমন্বয়ের পর অবশিষ্ট স্থিতি মনোনীত নমিনী/ নমিনীদেরকে প্রদেয় হবে।

## ১২ঃ হিসাব খোলা ও পরিচালনার জন্য ফরম, সিগনেচার কার্ড ইত্যাদি এর ব্যবহারঃ

১.	বর্তমানে প্রচলিত স্থায়ী আমানতের জন্য ব্যবহৃত ফরম (ডে-বুক, লেজার কেবলমাত্র নন কম্পিউটারাইজড শাখার ক্ষেত্রে) সিগনেচার কার্ড এবং জমা স্পিণ্ডল (পে-ইন-স্পিণ্ডল) এই স্কীম পরিচালনার ক্ষেত্রে ব্যবহৃত হবে। তবে সংশ্লিষ্ট ফরম বুকস এবং রেজিষ্টারে “তিনগুন বেনিফিট স্কীম (TBS)” সীল ব্যবহার করতে হবে।
০২.	জেনারেল লেজারে “তিনগুন বেনিফিট স্কীম (TBS)” নামে একটি এবং তৎসংশ্লিষ্ট “ তিনগুন বেনিফিট স্কীম (TBS) মুনাফা হিসাব ” নামে অপর একটি হিসাব খুলতে হবে।
০৩.	সম্পূর্ণ আলাদাভাবে শাখার Profit Expenses on Deposit হিসাব ডেবিট পূর্বক মাসিক ভিত্তিতে “ তিনগুন বেনিফিট স্কীম (TBS)” হিসাবের মুনাফার প্রভিশন করতে হবে।
০৪.	মাসিক ভিত্তিতে আলাদাভাবে ব্যালেন্স করতে হবে।

## ১৩ঃ হিসাবের প্রতিবেদন প্রেরণঃ

এ স্কীমের আওতায় খোলা হিসাবের সংখ্যা এবং টাকার পরিমাণ উল্লেখ পূর্বক নিম্নোক্ত ছকে একটি প্রতিবেদন প্রনয়ন করে শাখাসমূহ উক্ত প্রতিবেদন পরবর্তী মাসের ০৭(সাত) তারিখের মধ্যে সংশ্লিষ্ট নিয়ন্ত্রনকারী আঞ্চলিক কার্যালয়/প্রিন্সিপাল অফিসে প্রেরণ করবে। আঞ্চলিক কার্যালয় এবং প্রিন্সিপাল অফিসসমূহ তাদের অঞ্চলাধীন শাখা সমূহ হতে প্রাপ্ত বিবরণী একীভূত করে ১০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট জেনারেল ম্যানেজার'স অফিসে প্রেরণ করবে। জেনারেল ম্যানেজার'স অফিসসমূহ তাদের নিয়ন্ত্রনধীন অফিস সমূহ হতে প্রাপ্ত বিবরণী সমূহ একীভূত করে একটি বিবরণী ১৫ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ের মার্কেটিং এন্ড ডেভেলপমেন্ট ডিভিশনে প্রেরণ করবে। কর্পোরেট শাখাসমূহ এবং স্থানীয় কার্যালয় পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে প্রতিবেদন সরাসরি অত্র বিভাগে প্রেরণ করবে।

## “ছক”

## সোনালী ব্যাংক লিমিটেড

জেনারেল ম্যানেজার'স অফিস/প্রিন্সিপাল অফিস/আঞ্চলিক কার্যালয়/শাখা, .....

..... মাসের “তিনগুন বেনিফিট স্কীম (TBS)” হিসাবের আওতায় খোলা হিসাবের বিবরণী

ক্রমিক নং	পূর্ববর্তী মাস পর্যন্ত খোলা হিসাবের সংখ্যা	চলতি মাসে খোলা হিসাবের সংখ্যা	চলতি মাসে বন্ধ হিসাবের সংখ্যা	শুরু হইতে চলতি মাস পর্যন্ত মোট হিসাবের সংখ্যা	হিসাবসমূহের মোট স্থিতি (হাজার টাকায়)
১	২	৩	৪	৫	৬

১৪.০০ঃ প্রচারনার নিমিত্ত শাখাসমূহ কর্তৃক উপযুক্ত স্থানে ব্যানার ও বিল বোর্ড স্থাপনের মাধ্যমে এ আমানত স্কীমের আওতায় হিসাব খোলার জন্য জনসাধারণকে আকৃষ্ট এবং উদ্বুদ্ধ করার যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১৫.০০ঃ এ স্কীমের আওতায় হিসাব খোলার কার্যক্রম অত্র ইস্তেহার জারীর তারিখ হতে আরম্ভ হবে এবং পরবর্তী নির্দেশ প্রদান না করা পর্যন্ত এই স্কীম চালু থাকবে।

১৬.০০ঃ এ হিসাবের আওতায় খোলা হিসাবসমূহে সংগৃহীত আমানত ও প্রদত্ত মুনাফার প্রভিশন (Provision) এর তথ্য এফ-১২ এবং এফ-৪২ প্রতিবেদনে রিপোর্টিং এর জন্য নিম্নোক্ত কোড নং বরাদ্দ দেয়া হল এবং যথানিয়মে রিপোর্টিং এর জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

## F-12 এর Liability Side এ Time Deposit এর আওতায়ঃ

১. “তিনগুন বেনিফিট স্কীম ” Tripple Benifit Scheme (TBS) L-2020

## F-12 এর Liability Side এ Other Liabilities এর আওতায়ঃ

“তিনগুন বেনিফিট স্কীম ” Tripple Benifit Scheme (TBS) মুনাফা হিসাবঃ L-2604

## F-42 এর Expenses Side এ Profit Expenses on Deposit এর আওতায়ঃ

১ “তিনগুন বেনিফিট স্কীম” Tripple Benifit Scheme (TBS) মুনাফা ব্যয় হিসাব- E-1178

১৭.০০ঃ এ বিষয়ে কোন ব্যাখ্যার প্রয়োজন হলে প্রধান কার্যালয়ের মার্কেটিং এন্ড ডেভেলপমেন্ট ডিভিশনের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

(হাসান ইকবাল) জেনারেল ম্যানেজার	(মোঃ আবদুল কাদির খান) ডেপুটি জেনারেল ম্যানেজার
------------------------------------	---